# দাবি না মানায় আজ থেকে এলপিজি সিলিন্ডার বিক্রি বন্ধ



সংগৃহীত ছবি

দেশজুড়ে এলপিজি সিলিন্ডার সরবরাহ বন্ধ রাখার ঘোষণা দিয়েছে এলপি গ্যাস ব্যবসায়ী সমবায় সমিতি লিমিটেড। সংগঠনটির সিদ্ধান্ত অনুযায়ী, বৃহস্পতিবার (৮ জানুয়ারি) থেকে এলপিজি সিলিন্ডার বিক্রি ও কোম্পানির প্লান্ট থেকে গ্যাস উত্তোলন বন্ধ থাকবে।

বুধবার (৭ জানুয়ারি) সন্ধ্যায় সারা দেশের পরিবেশক ও খুচরা বিক্রেতাদের উদ্দেশে একটি নোটিশ জারি করে এ সিদ্ধান্ত জানানো হয়। এতে বলা হয়েছে, দাবি আদায় না হওয়া পর্যন্ত কার্যক্রম স্থগিত থাকবে।

এর আগে একই দিন সকালে জাতীয় প্রেস ক্লাবের সামনে সংবাদ সম্মেলন করে নিজেদের অবস্থান তুলে ধরে এলপিজি ব্যবসায়ীরা। সেখানে তারা ২৪ ঘণ্টার আল্টিমেটাম দিয়ে জানায়, দাবি পূরণ না হলে অনির্দিষ্টকালের জন্য সরবরাহ বন্ধ করা হবে।

ব্যবসায়ীদের প্রধান দাবির মধ্যে রয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের (বিইআরসি) মাধ্যমে এলপিজি সিলিন্ডারের মূল্য পুনর্নির্ধারণ, পাশাপাশি প্রশাসনের মাধ্যমে পরিবেশকদের হয়রানি ও জরিমানা বন্ধ করা। তাদের অভিযোগ, পরিবেশকদের সঙ্গে কোনো আলোচনা ছাড়াই বিইআরসি নতুন দাম নির্ধারণ করেছে।

উল্লেখ্য, বিইআরসি প্রতি মাসে এলপিজির দাম সমন্বয় করে থাকে। সর্বশেষ ৪ জানুয়ারি নতুন মূল্য ঘোষণা করা হয়। এই সিদ্ধান্তকে কেন্দ্র করেই এলপিজি খাতে নতুন করে উত্তেজনা সৃষ্টি হয়েছে।

LENS ASIA